

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৬৮.৮৩.(১/১)- ৮৩

তারিখ : ৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

বিষয়ঃ পটুয়াখালী জেলার সদর উপজেলার ০৯ নং জৈনকাঠি ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব সিদ্দিকুর রহমানের লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার সদর উপজেলার ০৯ নং জৈনকাঠি ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব সিদ্দিকুর রহমান এর বিরুদ্ধে আনীত গত ২২/০৪/২০২৫ খ্রি. তারিখে বর মোঃ আল আমিনের সঙ্গে নাবালিকা কনে মোসাঃ রুবি এর বাল্যবিবাহ নিবন্ধন করার অভিযোগের সত্যতা জেলা রেজিস্ট্রারের তদন্তে প্রমাণিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় এবং অভিযুক্ত নিকাহ রেজিস্ট্রার কর্তৃক প্রেরিত লিখিত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তার নামীয় গত ২১/০৭/২০০৪ খ্রি. তারিখের বিচার-৭/২ এন- ৬৮/৮৩ (অংশ-১)-৭৭০ নং আয়ারকের নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

একইসাথে অধিক্ষেত্রটি শূন্য ঘোষণা করে উক্ত শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সনিকটবর্তী) কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব সিদ্দিকুর রহমান এর নিকট হতে নিকাহ নিবন্ধন সংক্রান্ত বালাম বহিসহ যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য এবং মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত বিধি ৬ অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, পটুয়াখালীকে নির্দেশ প্রদান করা হলো।

জেলা রেজিস্ট্রার
পটুয়াখালী।

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৬৮.৮৩.(১/১)- ৮৩(১২)

স্বাঃ
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

তারিখ: ৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, বরিশাল।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৮. সাব-রেজিস্ট্রার, সদর, পটুয়াখালী।
৯. অফিসার ইনচার্জ, সদর থানা, পটুয়াখালী।
১০. চেয়ারম্যান, ০৯ নং জৈনকাঠি ইউনিয়ন পরিষদ, সদর, পটুয়াখালী।
১১. জনাব সিদ্দিকুর রহমান (সাবেক নিকাহ রেজিস্ট্রার), ০৯ নং জৈনকাঠি ইউনিয়ন,
সাং- সেহাকাঠি, উপজেলা- সদর, জেলা- পটুয়াখালী।
১২. অফিস কপি/গার্ড ফাইল।

স্বাঃ
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮